



স্মারক : বিজ্ঞপ্তি/মাধ্য/পনি-৬৩/৩৯

তারিখ : ১১-০৪-২০২১ খ্রি.

এসএসসি পরীক্ষা-২০২১ ফরমপূরণ সংক্রান্ত সংশোধিত জরুরী বিজ্ঞপ্তি


এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, এসএসসি-২০২১ পরীক্ষার ফরমপূরণে বোর্ডের ও প্রতিষ্ঠানের ফিস আদায়ের জন্য সকল প্রতিষ্ঠানকে সোনালী ব্যাংকে হিসাব খোলার জন্য নোটিশ প্রদান করা হয়। কিন্তু লক্ষ্য করা গেছে যে, প্রায় ৫০০ শতাধিক শিক্ষা প্রতিষ্ঠান বর্তমানে অব্যহত/সচল নেই (Inactive) এমন হিসাব নম্বর Institute Panel-এ আপলোড করেছে। ফলে ফিস প্রদানের জন্য অনলাইন যে সব গেটওয়েগুলো চালু করা হয়েছে সেগুলোর মাধ্যমে ফিস জমাদান প্রক্রিয়ায় পরীক্ষার্থীরা বিভিন্ন সমস্যার সম্মুখীন হচ্ছে। এমতাবস্থায় পরীক্ষার্থীদের ফরমপূরণে সুবিধার জন্য বোর্ড কর্তৃপক্ষ নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করেছে :

- ১। আগামী ১৫ এপ্রিল-২০২১ তারিখের মধ্যে প্রতিষ্ঠানের জন্য ব্যবহৃত সোনালী ব্যাংকের সঠিক হিসাব নম্বর যাচাই করে Institute Panel-এ আপলোড করতে সকল প্রতিষ্ঠান প্রধানকে বিশেষভাবে অনুরোধ করা হলো।
- ২। আগামী ১৮ এপ্রিল-২০২১ তারিখের মধ্যে Institute Panel-এ প্রদত্ত সম্ভাব্য তালিকায় পরীক্ষার্থীদের মোবাইল নম্বর ও পরীক্ষার্থীর কাছে ফরমপূরণ ফি বাদে কেবলমাত্র শিক্ষা প্রতিষ্ঠানের বেতন ও সেশন চার্জ (যদি বকেয়া থাকে) বাবদ টাকা এন্ট্রি করতে হবে।
- ৩। শিক্ষা প্রতিষ্ঠানের নামে খোলা সোনালী ব্যাংকের হিসাব নম্বর Institute Panel-এ আপলোডে ভুল ভ্রান্তি সংশোধনের জন্য বোর্ডের সিস্টেম বন্ধ করে কাজ করতে হচ্ছে বিধায় আগামী ১৮ এপ্রিল-২০২১ পর্যন্ত পরীক্ষার্থীদের ফরমপূরণ বন্ধ রাখা হলো।
- ৪। আগামী ১৯ এপ্রিল-২০২১ তারিখ হতে ২৯ এপ্রিল-২০২১ তারিখ পর্যন্ত পরীক্ষার্থীদের ফরমপূরণ বিলম্ব ফি ছাড়া সময় বৃদ্ধি করা হলো।

এসএসসি-২০২১ পরীক্ষায় ফরমপূরণ-এ জটিলতা নিরসনে প্রয়োজনীয় হেল্প লাইন - 01720589535, 01716104202, 01912214182, 01711942748, 01874662216, 01924866288, 01811656137, 01711056430

বি:দ্র: কোভিড-১৯ সংক্রান্ত অনাকাঙ্ক্ষিত পরিস্থিতিতে ফরমপূরণ সম্পন্ন করতে পরীক্ষার্থী/অভিভাবককে প্রয়োজনীয় অর্থ নিজস্ব হিসাবে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

 ০২/৪/২০২১

(প্রফেসর মাধব চন্দ্র রুদ্র)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০৪২১-৬৮৬৬৬

ই-মেইল : controller@jessoreboard.gov.bd

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

এ বোর্ডের আওতাধীন নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ

মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান